# জুলাই/২০২২ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
## জেলাঃ রাজশাহী

সভাপতি : আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী

স্থান : জেলা প্রশাসক, রাজশাহীর সম্মেলন কক্ষ থেকে

তারিখ : ২৪/০৭/২০২২ খ্রি.

সময় : বেলা ১১.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়িকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি জুলাই/২২ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান নিম্নোক্ত ছকে উল্লেখ করেন।

| # | উপজেলার নাম | ইউরিয়া | | | টিএসপি | | | এমওপি | | | ডিএপি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ |
| ১ | পাবা | ৪২৮ | ৪০৪ | ২৬০ | ৬৫ | ৩৫.১০ | ৮০ | ৬৩ | ৩৭.৫০ | ৫৫ | ১২৮ | ৭০ | ২৭৪ |
| ২ | তানোর | ৬০২ | ৫৩৯ | ২৮২ | ৮৫ | ৬২.০০ | ৮৪ | ১২০ | ৯৭.৭৫ | ৩৮ | ১৯০ | ১৩৯ | ১৯৫ |
| ৩ | মোহনপুর | ৫৩৭ | ৪২৯ | ১৬১ | ৬২ | ১৭.৮০ | ৬১ | ৭৬ | ২৪.৬০ | ১১ | ২৫৫ | ৮২ | ২৩৮ |
| ৪ | বাগমারা | ৬৬৯ | ৫০৯ | ২৬০ | ১০০ | ৬৭.৭০ | ৬২ | ১৪০ | ৯৮.৪০ | ৫২ | ৩৩২ | ২২৭ | ২৪১ |
| ৫ | দুর্গাপুর | ৩৬৩ | ২০৩ | ১৩৩ | ৮১ | ৩৬.৩০ | ২৬ | ৬৯ | ২৯.৯০ | ২৫ | ১৯০ | ৮১ | ২৯০ |
| ৬ | পুঠিয়া | ৪৪৭ | ৩৩৯ | ১৮২ | ৬৮ | ৪৬.২৫ | ২২ | ১০৬ | ৯৮.০০ | ২২ | ২০৯ | ১৭১ | ৩৫৯ |
| ৭ | গোদাগাড়ী | ৮৬৪ | ৬৪৬ | ১৬৯ | ১১৯ | ৪৭.০০ | ৫৩ | ২২৬ | ১৫৮.০০ | ৩৫ | ৩৪২ | ১১৪ | ৩২৫ |
| ৮ | চারঘাট | ৩০২ | ১১৫ | ৭০ | ৪০ | ১৬.৯০ | ১৬ | ৬৭ | ৪২.০০ | ৩০ | ১৬০ | ৭৮ | ৫০ |
| ৯ | বাঘা | ৩৩০ | ২৫৪ | ১২৪ | ৫৮ | ৩৪.০০ | ৪৫ | ৭৪ | ৪৫.০০ | ২৫ | ১২৮ | ৯৯ | ৩১৭ |
| ১০ | বোয়ালিয়া | ১২ | ০ | ১ | ৩ | ০ | ০ | ৪ | ০ | ০ | ০৭ | ০ | ১ |
| ১১ | মতিহার | ১২ | ০ | ১ | ৩ | ০ | ১ | ২ | ০ | ১ | ০৭ | ০ | ৬ |
| | মোট | ৪৫৬৬ | ৩৪৩৮ | ১৬৪৩ | ৬৮৪ | ৩৬৩ | ৪৫০ | ৯৪৭ | ৬৩১ | ২৯৪ | ১৯৯০ | ১০৬৪ | ২২৯৬ |

তিনি আরও বলেন যে, রাজশাহী বাফার গুদামে ৫৪০৩ মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ২৫৬১ মেঃটন, এমওপি ১৭ মেঃটন এবং ডিএপি ৩৫১৬ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ৮০০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২২২৯ মেঃটন, টিএসপি ৩২৩ মেঃটন, এমওপি ৯৩৮ মেঃটন এবং ডিএপি ১৯৫৭ মেঃটন। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

(২) সার বিতরন ব্যবস্থা মনিটরিং জোরদারকরণ এবং কোনক্রমেই যাতে সরকার নির্ধারিত মূল্যের অধিক মূল্যে সার বিক্রয় না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ জানানো হলো।

(৩) প্রয়োজনে উপজেলা প্রশাসনের সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হলো।

আলোচনা -৩: অতিরিক্ত ইউরিয়া ও ননইউরিয়া সারের চাহিদা প্রসঙ্গে।

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, চলতি মৌসুমে জেলায় ৮০০৫০ হেক্টর জমিতে আমন আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এখন পর্যন্ত ১৭৫১৮ হেক্টর জমিতে ধান রোপন সম্পন্ন হয়েছে। আমন মৌসুমে পরিমিত ও নিয়মিত বৃষ্টিপাত হলে বাস্তবিকভাবে রোপা আমনের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। উপরন্তু এ বছর বৃষ্টিপাত কম হওয়ায় রোপা আউশ আবাদ বিলম্বে শুরু হয়েছে। ইতোমধ্যে বিএফএ, রাজশাহীর পক্ষ হতে ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্যে আবেদন পাওয়া

গেছে। জেলা প্রশাসক ও অত্র সভার সভপতি বলেন শুধুমাত্র বিএফএ, রাজশাহীর পক্ষ থেকে অতিরিক্ত সারের বরাদ্দের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়, ব্লক/ইউনিয়ন পর্যায় হতে মাঠে ফসলের আবাদ এবং সারের মজুদের ভিত্তিতে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির মাধ্যমে অতিরিক্ত সারের চাহিদা প্রেরণ করা উচিত। এমতাবস্থায় জেলায় অতিরিক্ত ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের প্রয়োজন হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : প্রকৃত আবাদ পরিস্থিতি ও বাস্তব অবস্থার প্রেক্ষিতে উপজেলা পর্যায়ে অতিরিক্ত ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের চাহিদা নিরুপণ করত: মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক চলতি মাসের ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, অনুত্তোলিত সারের পরিমান উল্লেখ করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি এবং সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে অতিরিক্ত সারের চাহিদাপত্র জেলায় দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। উপজেলা হতে চাহিদাপত্র প্রাপ্তি সাপেক্ষে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আলোচনা – ৪: মেসার্স আলহেরা ট্রেডার্স, বিসিআইসি সার ডিলার, মোহনপুর, রাজশাহী এর অনুকূলে সারের বরাদ্দ প্রদান।

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহীর সদস্য সচিব বলেন যে, সহকারী ব্যবস্থাপক (বাণিজ্যিক), যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড, তারাকান্দি, জামালপুর এর স্মারক নং জেফেসিএল/বিপণন/২০২২/৩৭০, তারিখ ২১/৬২০২২ইং পত্রে জানিয়েছেন যে, মেসার্স আলহেরা ট্রেডার্স, বিসিআইসি সার ডিলার, মোহনপুর, রাজশাহীর মালিক আঃ আজিজ মন্ডল এর মৃত্যুজনিত কারণে ডিলারশীপের মালিকানা তার স্ত্রী মোসাঃ হাজেরা বেগম এর নামে স্থায়ীভাবে পরিবর্তনের সিদ্ধান্ত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। তৎপ্রেক্ষিতে মেসার্স আলহেরা ট্রেডার্স এর পরিবর্তিত মালিক মোসাঃ হাজেরা বেগম, মৌগাছি বাজার, মোহনপুর, রাজশাহীর এর সহিত নতুন করে সার ডিলারশীপ চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : আগামী আগষ্ট/২২ মাস হতে মেসার্স আলহেরা ট্রেডার্স, প্রোঃ মোসাঃ হাজেরা বেগম, ধুরইল, মোহনপুর, রাজশাহীর অনুকূলে সকল প্রকার সারের বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গ্রহন করা হলো। এ বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মোহনপুর, রাজশাহী এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আলোচনা - ৫ : বিসিআইসি সার ডিলারের মৃত্যুজনিত কারণে মালিকানা পরিবর্তন।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, রাজশাহী সভাকে জানান যে, মেসার্স মোসলেম মোল্লা, বিসিআইসি সার ডিলার, মতিহার রাজশাহীর মালিক মোঃ মোসলেম মোল্লা গত ২০/১১/২০২০ তারিখে মৃত্যুবরণ করেন। তাহার পরিবারের পক্ষ থেকে তাঁর ছেলে মোঃ শাহিন মোল্লা তার নিজ নামে উক্ত ডিলারশীপের মালিকানা পরিবর্তনের জন্য আবেদনপত্র দাখিল করেছেন। সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সম্পর্কিত সমন্বিত নীতিমালা ২০০৯ এর ৫.৪.১ ধারা মোতাবেক সার ডিলারের মালিকের মৃত্যু জনিত কারনে তার ওয়ারিশ গণের মধ্যে হতে একজনের নামে ডিলারশীপ হস্তান্তরের সুযোগ রয়েছে। উল্লেখ্য যে, মেট্রোপলিটন এলাকায় কোন সার ও বীজ মনিটরিং কমিটি নাই বিধায় এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেট্রোপলিটন কৃষি অফিসার, মতিহার, রাজশাহী সুপারিশসহ আবেদনপত্র অন্যান্য কাগজপত্র প্রেরণ জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী বরাবরে প্রেরণ করেছেন।

সিদ্ধান্ত : সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর ৫.৪ ধারা মোতাবেক মেসার্স মোসলেম মোল্লা, বিসিআইসি সার ডিলার, মতিহার, রাজশাহীর ডিলারশীপ তাহার তাঁর ছেলে মোঃ শাহিন মোল্লার নামে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হলো এবং ডিলারের আবেদন ও অন্যান্য কাগজপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বিসিআইসি বরাবরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচনা - ৬ : বিএডিসির সার ডিলারের মৃত্যুজনিত কারণে মালিকানা পরিবর্তন।

সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভাকে জানান যে, মেসার্স শাহীন এন্টারপ্রাইজ, বিএডিসি সার ডিলার, পুঠিয়া রাজশাহীর মালিক মোঃ মোজাম্মেল হক গত ১৫/০২/২০২১ তারিখে মৃত্যুবরণ করেন। তাহার পরিবারের পক্ষ থেকে তাঁর স্ত্রী মোসাঃ সাবিনা ইয়াসমিন এর নামে উক্ত ডিলারশীপের মালিকানা পরিবর্তনের জন্য আবেদনপত্র দাখিল করেছেন। বিএডিসির বীজ ডিলার হতে বিএডিসির সার ডিলার নিয়োগ ও সার বিতরণ পদ্ধতি এবং শর্তাবলী ২০১০ এর ২৩ ধারা মোতাবেক সার ডিলারের মালিকের মৃত্যু জনিত কারনে তার ওয়ারিশ গণের মধ্যে হতে একজনের নামে ডিলারশীপ হস্তান্তরের সুযোগ রয়েছে। উল্লেখ্য যে, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি পুঠিয়া, রাজশাহী এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ আবেদনপত্র অন্যান্য কাগজপত্র প্রেরণ জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী বরাবরে প্রেরণ করেছেন।

সিদ্ধান্ত : বিএডিসির বীজ ডিলার হতে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ পদ্ধতি ২০১০ এর ২৩নং ধারা মোতাবেক মেসার্স শাহীন এন্টারপ্রাইজ, বিএডিসি সার ডিলার, পুঠিয়া, রাজশাহীর ডিলারশীপ ~~তাহার~~ তাঁর স্ত্রী মোসাঃ সাবিনা ইয়াসমিন এর নামে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হলো এবং ডিলারের আবেদন ও অন্যান্য কাগজপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিএডিসির কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৭/২২

আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

২৮/৭/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.০৬.০০২.১৯- ১১৮৯ (৮১)

তারিখঃ ০৪/০৮/২০২২খ্রি:

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৬.
................................................................................(কমিটির সকল সদস্য)
................................................................................
................................................................................

৪/৮/২২

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩